# Sanatan Dharma

**সংকল্প বিধিঃ**

সংকল্পেন বিনা রাজন্ যৎকিঞ্চিৎ কুরুতে নরঃ।
ফলঞ্চাল্পাল্পকং তস্য ধর্মস্যার্দ্ধক্ষয়ো ভবেৎ।।

সংকল্প না করিয়া মানুষ যে কোন কার্য্য করে, তাহার পূর্ণ ফলভাগী হয় না এবং ধর্মের অর্দ্ধেক ভাগ ক্ষয় হয়।
শক্তিশঙ্খাশ্চহস্তৈশ্চ কাংস্যরৌপ্যাদিভিস্তথা।

সঙ্কল্পো নৈব কর্ত্তব্যো মৃন্ময়েন কদাচন।। ভবিষ্যে।

শঙ্খে, ঝিনুকে, শুধুহস্তে, কাংস্যপাত্রে, রৌপ্যপাত্রে, প্রস্তরপাত্রে এবং মাটির পাত্রে কদাচ সংকল্প করিবে না।

গৃহীত্বৌডুম্বরং পাত্রং বারিপূর্ণং গুণান্বিতম্। দর্ভত্রয়ং সাগ্রমূলং ফলপুষ্প-তিলান্বিতম্। জলাশয়ারামকূপে সংকল্পে পূর্ব্বদিঙ্মুখ। সাধারণে চোত্তরাস্য ঐশান্যং নিক্ষিপেৎ রপ্যঃ।। ইতি ভবিষ্যে।

ঔডুম্বর অর্থাৎ তাম্রাদি পাত্রে জল পূর্ণ করিয়া মূল ও অগ্রভাগের সহিত তিনটি কুশ ফল ও তিল লইয়া সঙ্কল্প করিতে হয়। জলাশয়, উপবন ও কূপ প্রতিষ্ঠাকালে পূর্ব্বাভিমুখ, অন্যান্য সাধারণ কার্য্যে উত্তরমুখ হইয়া সংকল্প করিবে। সঙ্কল্পের মন্ত্রপাঠ করিয়া পাত্রস্থ জল ঈশানকোণে কিঞ্চিৎ নিক্ষেপ করিতে হয়।

হরীতকীফলং শ্রেষ্ঠং সঙ্কল্পে বিধিপূর্ব্বকম্।
তদভাবে চ রম্ভা বা ন গুবাকং কদাচন।।

সঙ্কল্প করিতে হরীতকীই শ্রেষ্ঠ, তাহার অভাবে রম্ভা দিবে, কিন্তু সুপারি কদাচ দিতে নাই।

সঙ্কল্প করিয়া সূক্তমন্ত্র পাঠ করিতে হয়। সূক্তমন্ত্র বেদভেদে পৃথক পৃথক।

সামবেদীয় সঙ্কল্পসূক্ত।

ওঁ দেবো বো দ্রবিণোদাঃ পূর্ণাং বিবষ্টাসিচম্। উদ্বা সিঞ্চধ্ব-মুপ বা পৃণধ্বমাদিদ্বো দেব ওহতে।। ওঁ সঙ্কল্পতীর্থস্য সিদ্ধিরস্তু।

যজুর্ব্বেদীয়-সঙ্কল্পসূক্ত।

ওঁ যজ্জাগ্রতো দূরমুদৈতি দৈবং তদু সুপ্তস্য তথৈবৈতি। দূরঙ্গমং জ্যোতিষাং জ্যোতিরেকং তন্মে মনঃ শিবসংকল্পমস্তু।

ঋগ্বেদীয়-সংকল্পসূক্ত।

ওঁ যা গুঁগূর্যা সিনীবালী যা রাকা যা সরস্বতী। ইন্দ্রাণীমহ্ব উতয়ে বরুণানীং চ স্বস্তয়ে।।

সংকল্প মাস।

আব্দিকে পিতৃকৃত্যে তু মাসশ্চান্দ্রমসঃ স্মৃতঃ।
বিবাহাদৌ স্মৃতঃ সৌরো যজ্ঞাদৌ সাবনো মতঃ।।

পিতৃকার্য্যে অর্থাৎ - শ্রাদ্ধাদিতে চান্দ্রমাস, বিবাহাদিতে সৌরমাস ও যজ্ঞাদিতে

Published on: Jan, 14 2023 12:31

সাবন মাসের উল্লেখ করিবে।

সৌর, চান্দ্র ও সাবন; - মাসের এই ত্রিবিধ নাম।

চন্দ্রের ত্রিশ তিথিতে এক চান্দ্রমাস হয়। চন্দ্রমাস এই প্রকার - মুখ্যচান্দ্র ও গৌণ-চান্দ্র। শুক্লা প্রতিপদ হইতে অমাবস্যা পর্য্যন্ত ত্রিশ তিথিকে মুখ্য চান্দ্রমাস বলে। আর কৃষ্ণা প্রতিপদ হইতে পূর্ণিমা পর্য্যন্ত ত্রিশ তিথিতে গৌণ চান্দ্রমাস বলে।

যে সময় সূর্য্য মেষাদি দ্বাদশ রাশির এক এক রাশিতে থাকেন, সেই কালকে সৌরমাস বলে। সৌরমাসের সংকল্প করিতে হইলে রাশির উল্লেখ করিতে হয়। যথা - অমুকে মাসি অমুকরাশিস্থিতে ভাষ্করে ইত্যাদি। সূর্যোদয় হইতে পুনরায় সূর্য্যোদয় পর্য্যন্ত এক সাবন দিন ইহার ত্রিশ দিনে এক সাবন মাস অর্থাৎ দিন হিসাবে যে মাস, তাহাই সাবন মাস।

Published on: Jan, 14 2023 12:31